

কক্সবাজার

১৩ আগস্ট ২০২১

## কক্সবাজারের দুঃস্থ জনগোষ্ঠীকে ইউএনএইচসিআর পক্ষ থেকে নগদ অর্থ সহায়তা প্রদান।

স্থানীয় প্রশাসন ও জাতিসংঘ শরণার্থী সংস্থা – ইউএনএইচসিআর এর যৌথ উদ্যোগে কক্সবাজারের স্থানীয় দুঃস্থ জনগোষ্ঠীকে এককালীন অর্থ সহায়তা প্রদানের মাধ্যমে, সহায়তা কার্যক্রম অব্যাহত রয়েছে।

টেকনাফ ও উখিয়া উপজেলায় অবস্থিত ১৭০০০ পরিবারের জন্য ইউএনএইচসিআর এর পক্ষ থেকে এই আর্থিক সহায়তা কর্মসূচি গ্রহন করা হয়। উক্ত কর্মসূচি বাস্তবায়নে সার্বিক সহায়তা করে ওয়ার্ল্ড ভিশন ইন্টারন্যাশনাল। দুঃস্থ পরিবারসমূহের দৈনন্দিন চাহিদা পূরণে উদ্দেশ্যে এই এককালীন অর্থ সাহায্যের উদ্যোগ গৃহীত হয়েছে।

গতকাল আয়োজিত উক্ত অনুষ্ঠানে উপস্থিত কক্সবাজারের জেলা প্রশাসক জনাব মোহাম্মদ মামুনুর রশিদ বলেন, “স্থানীয় দুঃস্থ জনগণের পাশে এসে দাঁড়ানোর জন্য ইউএনএইচসিআর কর্তৃক গৃহীত এই সম্মিলিত প্রচেষ্টাকে আমি সাধুবাদ জানাই।”

এছাড়াও করোনাকালীন সময়ে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত স্থানীয় জনগণকে সহায়তায় জন্য ইউএনএইচসিআর ও জেলা প্রশাসন সম্মিলিতভাবে কাজ করছে। কক্সবাজার সদরে স্থানীয় ১৫০০০ বাংলাদেশি এই অর্থ সহায়তা দ্বারা উপকৃত হবে এবং ক্ষতিগ্রস্ত জনগণের কাছে এই সাহায্য পৌঁছে দিতে সার্বিক সহায়তা করছে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি।

২০১৭ সালে মিয়ানমারে সহিংসতার শিকার লক্ষাধিক রোহিঙ্গা জনগোষ্ঠীকে কক্সবাজারে আশ্রয় দিয়ে জীবনের নিরাপত্তার ও সহায়তা দানের জন্য বাংলাদেশের জনগণের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করে ইউএনএইচসিআর এর কক্সবাজার সাব-অফিসের প্রধান ইটা শুটে বলেন, “ইউএনএইচসিআর বাংলাদেশের জনগণ ও সরকার এর প্রতি এই মানবিক সহায়তার জন্য সাধুবাদ জানায়।” তিনি আরো বলেন, “জেলা প্রশাসনের সহায়তায় দুঃস্থ মানুষের পাশে দাঁড়াতে পেরে আমরা অত্যন্ত আনন্দিত”

সমাপ্তি।

### যোগাযোগ:

কক্সবাজার: হনাহ ম্যাকডনাল্ড [macdonah@unhcr.org](mailto:macdonah@unhcr.org); +8801831680990

ঢাকা: মোস্তফা মোহাম্মদ সাজ্জাদ হোসেন [hossaimo@unhcr.org](mailto:hossaimo@unhcr.org); +880 1313046459